

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 01.10.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

১) আমদানি শুল্ক প্রত্যাহার করে নেওয়ায় এ রাজ্যের চাল কল মালিকেরা ফের বাংলাদেশে চাল রপ্তানি শুরু করেছেন।

খরিপ মরশুমে চাষিদের কাছে সহায়ক মূল্যে ধান সংগ্রহের কাজ শুরু হচ্ছে আগামীকাল।

২) রাজ্যপাল পদে ২ বছর পূর্তি উপলক্ষে সি ভি আনন্দো বোস আজ থেকে আগামী ১ মাস জেলা সফর সহ বিভিন্ন কর্মসূচী ঘোষণা করেছেন।

৩) আজ থেকে কলকাতার পাঁচটি মেডিকেল কলেজে চালু হয়েছে কেন্দ্রীয়ভাবে রোগী রেফার ব্যবস্থা।

এদিকে, অভয়া তহবিলের সংগৃহীত অর্থ নির্যাতিতার বাবা-মাকে দেওয়ার দাবি জানিয়েছে ডাক্তারদের নতুন সংগঠন।

৪) কলকাতা ও শহরতলির নামকরা পুজো মন্ডপগুলিতে আজও দর্শনার্থীদের ভীড়, চলেছে নিরঞ্জন পর্ব।

৫) উলুবেড়িয়ায় বাজি বিস্ফোরণে ৩ জনের মৃত্যু।

৬) ইস্টবেঙ্গল, এএফসি চ্যালেঞ্জ লীগ ফুটবলের কোয়ার্টার ফাইনালে।

০০০০০০০০০০০০০০০০০০

আমদানি শুল্ক প্রত্যাহার করে নেওয়ায় এ রাজ্যের চাল কল মালিকেরা ফের বাংলাদেশে চাল রপ্তানি শুরু করেছেন। মূলত এ রাজ্য থেকেই প্রতিবেশী রাষ্ট্রে চাল রপ্তানি করা হয়ে থাকে। সেদেশে ক্ষমতার পালাবদলের পর নতুন সরকার চালের উপর ২৫ শতাংশ আমদানি শুল্ক ধার্য করে। যার ফলে চালের রপ্তানি পুরোপুরি বন্ধ হয়ে যেতে বসেছিল।

বেঙ্গল রাইস মিল অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী সভাপতি আব্দুল মালেক জানিয়েছেন, বিষয়টি নিয়ে তারা কেন্দ্রীয় ও রাজ্য সরকারের দ্বারস্থ হয়েছিলেন। গত মাসে নবান্ন সভাঘরে মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকেও বাংলাদেশের সঙ্গে রপ্তানি বাণিজ্য বন্ধ হয়ে যাওয়ার সমস্যার কথা তুলে ধরা হয়। বহু আলাপ আলোচনা করার পর অবশেষে গতকাল বাংলাদেশের তদারকি সরকার ওই আমদানি শুল্ক পুরোপুরি প্রত্যাহার করে নিয়েছে। এর ফলে ফের একবার বাংলাদেশে চাল রপ্তানি শুরু হয়েছে। বিপুল ক্ষতির হাত থেকে বেঁচেছেন চাল কল মালিকেরা। সক্রিয় ভাবে পাশে থাকার জন্য তারা রাজ্য ও কেন্দ্র সরকারকে ধন্যবাদ জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

খরিফ মরশুমে চাষিদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহের কাজ আগামী কাল শুরু হচ্ছে। এজন্য সব জেলাতেই কেন্দ্রীয় স্তরে ক্রয়কেন্দ্র খোলা হয়েছে।

উল্লেখ্য, খাদ্য দফতর এবার ৭০ লক্ষ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নিয়েছে। স্থায়ী ক্রয়কেন্দ্র ছাড়াও বিভিন্ন এলাকায় গাড়ি পাঠিয়ে ভ্রাম্যমাণ কেন্দ্রের মাধ্যমেও ধান সংগ্রহ করা হবে। পাশাপাশি খাদ্য দফতর গ্রামীণ কৃষি সমবায় সংস্থা ও স্বনির্ভর গোষ্ঠীগুলির মাধ্যমে অস্থায়ী শিবির খুলে চাষিদের কাছ থেকে ধান কিনবে বলে জানিয়েছে। চাষিদের কাছ থেকে ধান কেনার পর তা থেকে চাল উৎপাদনের জন্য সরাসরি নথিভুক্ত রাইস মিলগুলির কাছে পাঠিয়ে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০

বাংলা আবাস যোজনা প্রকল্পে সমীক্ষায় যে সব উপভোক্তার নাম বাদ গিয়েছে রাজ্য সরকার পুনরায় তাদের তথ্য যাচাই এর কাজ শুরু করেছে। এইজন্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে আধিকারিকদের, প্রয়োজনে ঐ সব উপভোক্তার বাড়ি বাড়ি গিয়ে সরেজমিনে সব কিছু খতিয়ে দেখার নির্দেশ দেওয়া হয়েছে। প্রসঙ্গত ১৬ লক্ষ উপভোক্তার তথ্য সমীক্ষা করতে গিয়ে প্রায় সাড়ে তিন লক্ষ নাম বাদ পড়েছে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য প্রকল্পের শর্ত অনুযায়ী তালিকায় যাদের নাম রয়েছে তাদের বর্তমান অবস্থার কোন পরিবর্তন না হলে বাড়ি তৈরির জন্যে প্রত্যেকে এক লক্ষ কুড়ি হাজার টাকা করে পাবেন বলে রাজ্য সরকার আগেই জানায়। এছাড়া সাম্প্রতিক অতিবৃষ্টি ও ঘূর্ণিঝড় দানা র প্রভাবে ক্ষতিগ্রস্তদেরও এই প্রকল্পে সহায়তা করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল পদে দু'বছর পূর্তি উপলক্ষ্যে আজ থেকে আগামী এক মাস জেলা সফর সহ একাধিক কর্মসূচি ঘোষণা করছেন সিভি আনন্দ বোস। আপনা ভারত, জাগতা বেঙ্গল নামের এই কর্মসূচি সম্পর্কে এক বিবৃতিতে জানানো হয়েছে, রাজ্যের আমজনতাকে দৈনন্দিন জীবনযাত্রায় অনেক প্রতিকূলতার সম্মুখীন হতে হচ্ছে। সেগুলি মোকাবিলা করে রাজ্যবাসী, বিশেষ করে যুবসমাজ যাতে সহজে জীবন ধারণ করতে পারে, সেই উদ্দেশ্য পূরণের লক্ষ্যে 'আপনা ভারত, জাগতা বেঙ্গল' কর্মসূচি হাতে নেওয়া হয়েছে।

ওই বিবৃতি অনুসারে, এই কর্মসূচি চলাকালীন রাজ্যপাল বোস যে বিষয়গুলির উপর গুরুত্ব আরোপ করবেন, সেগুলি হল - মানবপাচার রোধ, মাদকের ব্যবহার বন্ধ করা, নারীর ক্ষমতায়ন এবং শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা। সেইসঙ্গে, এই কর্মসূচিতে যুবসমাজ যাতে সাগ্রহে যোগদান করে এবং সাংস্কৃতিক ও শিক্ষামূলক উদ্যোগের উপর সামগ্রিকভাবে গুরুত্ব আরোপ করা হয়, সেদিকেও খেয়াল রাখবেন তিনি। তাঁর আশা, এই উদ্যোগের ফলে রাজ্যের সর্বাঙ্গীন বিকাশ সম্ভব হবে।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার পাঁচটি মেডিক্যাল কলেজে আজ চালু হলো কেন্দ্রীয়ভাবে রোগী রেফার ব্যবস্থা। এর আগে বুধবার কলকাতা মেডিকেল কলেজে অনলাইন পোর্টালের মাধ্যমে রোগী রেফারের প্রক্রিয়াটি হাতে-কলমে পরীক্ষামূলকভাবে প্রয়োগ করে দেখা হয়।

বর্তমানে এনআরএস মেডিক্যাল কলেজ, আরজি কর মেডিক্যাল কলেজ, এসএসকেএম হাসপাতাল এবং কলকাতা মেডিক্যাল কলেজে এই পদ্ধতি চালু হয়েছে।

পরবর্তীতে, রাজ্যের অন্যান্য সরকারি হাসপাতালে এই ব্যবস্থা চালু করা হবে বলে জানিয়েছে স্বাস্থ্য দপ্তর।

০০০০০০০০০০০০০০০০০০

অভয়া তহবিলে সংগৃহীত অর্থ অবিলম্বে আর জি কর-এ নির্যাতিতা চিকিৎসকের বাবা-মা-কে দিয়ে দেওয়ার দাবি জানিয়েছে চিকিৎসকদের নতুন সংগঠন ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স অ্যাসোসিয়েশন। তাদের পক্ষ থেকে ডাক্তার শ্রীশ চক্রবর্তী এক ভিডিও বার্তায় বলেছেন, অভয়ার নামে প্রায় ৪ কোটি ৭৫ লক্ষ টাকার বিপুল পরিমাণে অর্থ সংগৃহীত হয়েছে। এর জন্য ইতিমধ্যেই অডিটের দাবিও জানানো হয়েছে। এব্যাপারে তারা মুখ্য সচিবকে ইমেলও করেছেন। অভয়ার বাবা-মা এই টাকা পেলে মামলা সহ বিভিন্ন ক্ষেত্রে তাদের কাজে আসবে বলেও তিনি দাবি করেন।

(বাইট - শ্রীশ)

এদিকে, তিলত্তোমার ন্যায় বিচারের দাবিতে আন্দোলনরত ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট WBJDF সিবিআই-এর তদন্ত নিয়ে ফের অসন্তোষ প্রকাশ করেছে। ফ্রন্টের পক্ষে ডাক্তার দেবাশিষ হালদার আজ আর জি কর-এ এক সাংবাদিক সম্মেলনে বলেন -

(বাইট - দেবাশিষ)

ডাক্তার হালদার আরও বলেন, আগামী ৯-ই নভেম্বর আর জি কর-এর নির্যাতিতার খুন ও ধর্ষণের তিন মাস অতিক্রান্ত হতে চলেছে। ওই দিন ফ্রন্টের পক্ষ থেকে নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বিভিন্ন মেডিকেল কলেজে অভয়ার স্মৃতিতে ওই দিন দ্রোহের গ্যালারি প্রদর্শিত হবে। সেখানে এই আন্দোলনের বিভিন্ন মুহূর্তের ছবি, ও ভিডিও তুলে ধরা হবে। ৯-ই নভেম্বর আর জি কর হাসপাতালে রক্তদান শিবিরের আয়োজন করা হচ্ছে। কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক মিছিলের ডাক দেওয়া হয়েছে এবং রানী রাসমণি রোডে সমাবেশের ডাক দেওয়া হয়েছে।

মঙ্গলবার ৫-ই নভেম্বর সুপ্রিম কোর্টে মামলার শুনানি। তার আগে চৌঠা নভেম্বর সন্ধতেও বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে অভয়া মঞ্চ ও নাগরিক সমাজের পক্ষ থেকে।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা এবং শহরতলীর নামকরা পুজো মন্ডপগুলিতে গতকালের পর আজও দর্শনার্থীদের ভিড়। পাশাপাশি চলছে প্রতিমা নিরঞ্জন।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - অভিরূপ)

এদিকে নদিয়ার শান্তিপুরে কালীপুজোর প্রতিমা নিরঞ্জন শান্তিপূর্ণ ভাবে এগিয়ে চলেছে। শেষ পাওয়া খবরে জানা গেছে, ৫০টিরও বেশি প্রতিমা নিরঞ্জন সম্পন্ন হয়েছে। নিরঞ্জনের শোভাযাত্রা শান্তিপূর্ণ রাখতে শহর জুড়ে কঠোর নিরাপত্তা জারি করা হয়েছে। রাস্তার গুরুত্বপূর্ণ মোড় গুলিতে মোতায়ন রয়েছে পুলিশ।

(ভয়েসকাস্ট - নদীয়া)

০০০০০০০০০০০০০০০০০০

উলুবেড়িয়ার বাগানপাড়ায় বাজি পোড়াতে গিয়ে তিন জন প্রাণ হারিয়েছেন। এদের মধ্যে ২-টি শিশু ও একজন কিশোরী। বাজির আগুনে বাড়িটি ভস্মীভূত হয়েছে।

দমকল আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছে। এলাকার মানুষ জানিয়ে ওই বাড়িতে প্রচুর বাজি মজুত ছিল।

০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের জামালপুর থানার কাড়াল্লা ঘাট এলাকায় আজ দুপুরে জলে ডুবে পাঁচ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। মৃতের নাম হিমাংশু মাঝি। সাইকেল চালাতে গিয়ে অসাবধানতাবশত বাড়ির পাশেই ডোবায় পড়ে যায় শিশুটি। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে জামালপুর ব্লক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।

০০০০০০০০০০০০০০০০০০

ইস্টবেঙ্গল, এএফসি চ্যালেঞ্জ লীগ ফুটবলের কোয়ার্টার ফাইনালে উঠেছে। ভুটানের থিম্পুর চাংলিমিথাং স্টেডিয়ামে আজ গ্রুপ পর্বের শেষ ম্যাচে ইস্টবেঙ্গল ৩-২ গোলে লেবাননের নেজমেহ এফ সিকে হারিয়ে দিয়েছে। বিজয়ী দলের পক্ষে দিমিত্রিয়স দিয়ামানতাকোস দুটি গোল করেছেন। অপর গোলটি বাবা মুসাহ, র আত্মঘাতী।

অন্যদিকে নেজমেহ এফ সি ,র ওপারে ও মুনজের গোল করেন।

উল্লেখ্য, ইস্টবেঙ্গল তিন ম্যাচে সাত পয়েন্ট পেয়ে গ্রুপ এ, র শীর্ষে থেকে শেষ আটে গেল। ১১ বছর পর লাল-হলুদ, এশিয়ার কোনো ফুটবল টুর্নামেন্টের নক আউটে পৌঁছলো।

০০০০০০০০০০০০০০০০০০